# ৭ কলেজের শিক্ষার্থীরা দাবি আদায়ে অনড়

## আজ ও কাল ক্লাস-পরীক্ষা বর্জনের ঘোষণা

**ঢাবি প্রতিবেদক**
০৩ নভেম্বর ২০২৪, ১২:০০ এএম




ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অধিভুক্তি বাতিল ও স্বতন্ত্র বিশ্ববিদ্যালয়ের দাবিতে আন্দোলনে অনড় রাজধানীর ৭টি কলেজের শিক্ষার্থীরা। দাবি আদায়ে সরকারের ইতিবাচক সাড়া না পাওয়া পর্যন্ত তারা ধারাবাহিকভাবে কর্মসূচি চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছেন। চলমান কর্মসূচির অংশ হিসেবে আজ রবিবার ও আগামীকাল সোমবার ক্লাস-পরীক্ষা বর্জনেরও ঘোষণা এসেছে আন্দোলনকারীদের কর্মসূচি থেকে।

গতকাল শনিবার ঢাকা কলেজের ক্যাফেটেরিয়ার সামনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন কবি নজরুল সরকারি কলেজের শিক্ষার্থী ও আন্দোলনের অন্যতম সংগঠক জাকারিয়া বারী। তিনি বলেন, ঢাবির অধিভুক্তি বাতিল করে ৭ কলেজের সমন্বয়ে একটি স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবি বেশ পুরনো। কিন্তু এ পর্যন্ত আমরা আমাদের দাবির ব্যাপারে কোনো ইতিবাচক সাড়া পাচ্ছি না। যতক্ষণ পর্যন্ত আমাদের দাবি মেনে না নেওয়া হচ্ছে, ততক্ষণ পর্যন্ত ধারাবাহিকভাবে আমাদের কর্মসূচি চলবে। প্রয়োজনে আমরা আরও কঠোর কর্মসূচিতে যাব।

এ সময় জাকারিয়া বারী বলেন, রবিবার (আজ) ও সোমবার সাত কলেজের অভ্যন্তরীণ সব ধরনের একাডেমিক কার্যক্রম বন্ধ থাকবে। শিক্ষার্থীরা একাডেমিক কোনো ক্লাস-পরীক্ষায় অংশ নেবেন না। একই সঙ্গে ৭ কলেজের সব ক্যাম্পাসে দাবির পক্ষে

বিক্ষোভ কর্মসূচি পালন করা হবে। শিক্ষার্থীরা শান্তিপূর্ণভাবে এসব কর্মসূচিতে অংশ নেবেন। তিনি আরও বলেন, মন্ত্রণালয় সাত কলেজের বিষয়ে যে কমিটি করেছে, শিক্ষার্থীরা তা প্রত্যাখ্যান করেছেন। দ্রুত সময়ের মধ্যে সাত কলেজ বিশ্ববিদ্যালয় রূপান্তর কমিশন গঠন করে শিক্ষার্থী প্রতিনিধি যুক্ত করতে হবে।

এ ছাড়া সাত কলেজ নিয়ে যে কোনো ধরনের চক্রান্ত প্রতিরোধ, প্রধান উপদেষ্টার প্রেস সচিবের অবিবেচক বক্তব্য প্রত্যাহার, কমিটি বাতিল, কমিশন গঠন ও শিক্ষার্থী প্রতিনিধি যুক্ত করার দাবিতে কর্মসূচি অব্যাহত রাখার কথা উল্লেখ করেন জাকারিয়া বারী।

এদিকে স্বায়ত্তশাসিত বা স্বতন্ত্র পাবলিক বিশ্ববিদ্যালয়ের দাবিতে প্রাথমিকভাবে তিনটি কর্মপরিকল্পনা ঘোষণা করেছেন আন্দোলনকারীরা। সেগুলো হলোÑ সাত কলেজ নিয়ে একটি স্বায়ত্তশাসিত পাবলিক বিশ্ববিদ্যালয় করার অভিপ্রায়ে দ্রুত সময়ের মধ্যে একটি সংস্কার কমিটি গঠন; সংস্কার কমিটি অনধিক ৩০ কার্যদিবসের মধ্যে সাত কলেজের শিক্ষক-শিক্ষার্থী ও অংশীজনদের সঙ্গে আলোচনা করে সাত কলেজের সমন্বয়ে শুধুমাত্র একটি স্বতন্ত্র বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার রূপরেখা প্রণয়ন; সংস্কার কমিটি বর্তমান কাঠামো সচল রাখতে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনের সঙ্গে সমন্বয় করে কাজ করবেন, যাতে করে নিয়মিত শিক্ষার্থীদের সেশনজটের মতো পরিস্থিতি না হয়।

একই দাবিতে গত ২১ ও ২৩ অক্টোবর সায়েন্সল্যাব মোড় অবরোধ করে অবস্থান কর্মসূচি পালন করেন অধিভুক্ত সাত কলেজের শিক্ষার্থীরা। পরে দুই দফায় ২৪ ঘণ্টা করে ৪৮ ঘণ্টার আলটিমেটাম শেষে গ্রাফিতি অঙ্কন ও শিক্ষার্থী সমাবেশসহ তিন দিনের আলটিমেটাম বেধে দেন। আলটিমেটাম দ্বিতীয় দিনে এসে ২৮ অক্টোবর থেকে অনির্দিষ্টকালের অবরোধ কর্মসূচিতে যাওয়ার সিদ্ধান্ত নেন তারা। এর মধ্যে গত ২৪ অক্টোবর শিক্ষা মন্ত্রণালয় থেকে সাত কলেজের একাডেমিক ও প্রশাসনিক সমস্যা নিরসনকল্পে ১৩ সদস্যের একটি কমিটি গঠন করা হয়। আন্দোলনকারী শিক্ষার্থীরা এ কমিটি প্রত্যাখ্যান করে বিশ্ববিদ্যালয় রূপান্তর কমিশন গঠনের দাবি জানান।

ঢাবি অধিভুক্ত কলেজগুলো হলো- ঢাকা কলেজ, ইডেন মহিলা কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, শহীদ সোহরাওয়ার্দী কলেজ, মিরপুর বাঙলা কলেজ ও সরকারি তিতুমীর কলেজ।